

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-১০

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪১৫.২৬.১৪২.২৩ নথির বিষয়: মডস জোন-১০ এর আওতাধীন মিরপুর-১২/ডি, সিরামিক, মিরপুর-১২/সি, রোড-৫, মিরপুর-১২/সি-২৬ ও মিরপুর-১২/ডি, শহীদবাগ পানির পাম্প কম্পাউন্ডে ডেংগু প্রতিরোধের জন্য ময়লা আবর্জনা পরিষ্কার করণ কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

নোট: ১ নোটের বিষয়: মডস জোন-১০ এর আওতাধীন মিরপুর-১২/ডি, সিরামিক, মিরপুর-১২/সি, রোড-৫, মিরপুর-১২/সি-২৬ ও মিরপুর-১২/ডি, শহীদবাগ পানির পাম্প কম্পাউন্ডে ডেংগু প্রতিরোধের জন্য ময়লা আবর্জনা পরিষ্কার করণ কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ২৫/৭/২৩ ৪:৩৪ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-১০ এর আওতাধীন মিরপুর-১২/ডি, সিরামিক, মিরপুর-১২/সি, রোড-৫, মিরপুর-১২/সি-২৬ ও মিরপুর-১২/ডি, শহীদবাগ পানির পাম্প কম্পাউন্ডের ভিতরে গাছ-গাছালি, লতা-পাতা ও ময়লা আবর্জনায় ভরে গেছে। কম্পাউন্ডের বিভিন্ন জায়গায় গর্ত হয়ে আছে। এতে করে চলমান বর্ষা মৌসুমে বৃষ্টির পানি জমে থেকে এডিস মশার জন্ম হতে পারে। বর্তমানে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক এডিস মশার উৎপত্তিস্থল নির্মূলে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে অভিযান শুরু করেছে। তাই পাম্প অপারেটরদের স্বাস্থ্য সুরক্ষায়, যে কোন ধরনের অপ্রীতিকর ঘটনা এড়ানোর লক্ষ্যে এবং ঢাকা ওয়াসার সুনাম রক্ষার স্বার্থে অতি জরুরীভাবে উক্ত পাম্প কম্পাউন্ড পরিষ্কার করা একান্ত প্রয়োজন। সেই লক্ষ্যে ঢাকা ওয়াসার রোট সিডিউল ও বর্তমান বাজার দরের ভিত্তিতে একটি প্রাক্কলন তৈরি করা হয়েছে (সংযুক্ত ক্রমিক নং-২)। প্রাক্কলিত টাকার পরিমাণ ৪৯,৩৯২/- (উনপঞ্চাশ হাজার তিনশত বিরানব্বই টাকা মাত্র) টাকা। কাজটি সম্পাদন করার লক্ষ্যে ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স রাফিউ এন্টারপ্রাইজ এর সাথে যোগাযোগ করা হলে, প্রতিষ্ঠানটি উক্ত কাজ প্রাক্কলিত দরে করতে মৌখিক সম্মতি জ্ঞাপন করে। উল্লেখ্য উক্ত কাজের ব্যয়ভার অত্র মডস জোন-১০ এর ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার Water Pump Compound Maintenance (Code:01-04-003) খাতের ক্রমিক নং C (ii) হতে নির্বাহ করা যেতে পারে (সংযুক্ত ক্রমিক নং-১)।

সংযুক্তিসমূহ (২):

১। ২০২৩-২৪ ইং অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।

২। আলোচ্য কাজের প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ২৫/৭/২৩ ৪:৩৫ অপরাহ্ন

এমতাবস্থায়, মডস জোন-১০ এর আওতাধীন মিরপুর-১২/ডি, সিরামিক, মিরপুর-১২/সি, রোড-৫, মিরপুর-১২/সি-২৬ ও মিরপুর-১২/ডি, শহীদবাগ পানির পাম্প কম্পাউন্ডে ডেংগু প্রতিরোধের জন্য ময়লা আবর্জনা পরিষ্কার করণ কাজটি জরুরী ভিত্তিতে করার লক্ষ্যে PPR-2008 এর ৭৬(১) ট বিধি অনুযায়ী ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স রাফিউ এন্টারপ্রাইজ এর সহিত সরাসরি চুক্তির মাধ্যমে সম্পাদন করার জন্য উপস্থাপিত ৪৯,৩৯২/- (উনপঞ্চাশ হাজার তিনশত বিরানব্বই টাকা মাত্র) টাকার প্রাক্কলনটির অনুমোদন দেয়া যেতে পারে, যা প্রধান প্রকৌশলী মহোদয়ের আর্থিক ক্ষমতার আওতাধীন।

২৫/৭/২৩ ৪:৪৪ অপরাহ্ন
মোঃ বরকত উল্লাহ
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-১০

২৫/৭/২৩ ৪:৫৪ অপরাহ্ন
নূর মোহাম্মদ জিয়াউল হক
সহকারী প্রকৌশলী
মডস জোন-১০

২৫/৭/২৩ ১১:৩৭ অপরাহ্ন
মোহাম্মদ আশরাফুল হাবীব চৌধুরী
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-১০

২৬/৭/২৩ ১২:২০ পূর্বাহ্ন
মোঃ মিজানুর রহমান
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-২

২৬/৭/২৩ ১২:২০ পূর্বাহ্ন


মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ৩০/৭/২৩ ৮:৫৮ অপরাহ্ন

অনুমোদিত



৩০/৭/২৩ ৮:৫৮ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)



২/৮/২৩ ৮:৩৭ পূর্বাহ্ন
মোহাম্মদ আশরাফুল হাবীব চৌধুরী
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-১০

২/৮/২৩ ৮:৩৭ পূর্বাহ্ন
মোঃ বরকত উল্লাহ
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-১০